বাংলাদেশ সেনাবাহিনীতে সেনাশিক্ষা কোরে জুনিয়র কমিশন্ড অফিসার হিসেবে যোগ দিন

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সেনাবাহিনীতে সেনাশিক্ষা কোর (Army Education Corps-AEC) এ জুনিয়র কমিশন্ড অফিসার (ওয়ারেন্ট অফিসার) হিসেবে সরাসরি নিয়োগ করা হবে। এ লক্ষ্যে যোগ্য এবং আগ্রহী বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করতে হবে:

- ক। **শিক্ষাগত যোগ্যতা।** বিএ/বিএসসি/বিকম/স্নাতক/সমমান (শিক্ষা প্রশিক্ষণে ডিগ্রী/ডিপ্লোমা এবং শিক্ষকতার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে)। স্নাতক/সমমান পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ-২.০০ এবং এসএসসি ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩.০০।
- খ। **বয়স সীমা।** ০১ জানুয়ারি ২০২০ তারিখে সর্বনিম্ন ২০ বছর এবং সর্বোচ্চ ২৮ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- গ। **শারীরিক যোগ্যতা।**
  - (১) উচ্চতা - ১.৬৮ মিটার (৫'-৬") ন্যূনতম।
  - (২) ওজন - ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড)।
  - (৩) বুক - স্বাভাবিক- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)
    স্ফীত- ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।
- ঘ। **বৈবাহিক অবস্থা।** অবিবাহিত (বিপত্নীক/বিবাহ বিচ্ছেদকারী নয়)।
- ঙ। **স্বাস্থ্য পরীক্ষা।** স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য।
- চ। **সাঁতার।** সাঁতার জানা অত্যাবশ্যক (ন্যূনতম ৫০ মিটার)।

২। **নিম্নবর্ণিত প্রার্থীগণ আবেদন করার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে না**

- ক। সরকারি চাকুরী হতে বরখাস্তকৃত।
- খ। ফৌজদারী মামলায় দণ্ডপ্রাপ্ত।
- গ। শিক্ষাগত বিষয়ের ছাড়া অন্য কোন কারণে কোন সামরিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রত্যাহারকৃত।

৩। **অনলাইনের মাধ্যমে আবেদনের নিয়ম।** আগ্রহী প্রার্থীদেরকে আর্মি ওয়েবসাইট http://army.teletalk.com.bd তে অনলাইন আবেদনপত্রের ফরম পূরণ করতে হবে। এরপর টেলিটকের প্রি-পেইড মোবাইল হতে ওয়েবসাইটের INSTRUCTION এ বর্ণিত পদ্ধতি মোতাবেক ১৬২২২ নম্বরে এসএমএস করে আবেদন ফি (৩০০/-) জমা দিতে হবে। উল্লেখ্য যে, আবেদন ফি জমা দেয়ার পর আবেদনপত্রে কোনপ্রকার পরিবর্তন করা যাবে না। আবেদন ফি জমা দেয়ার পর প্রাপ্ত User ID ও Password দিয়ে উক্ত ওয়েবসাইটে Login হতে হবে। সফলভাবে Login করার পর প্রাথমিক নির্বাচনী পরীক্ষার জন্য একটি "ADMIT CARD" Download করতঃ প্রিন্ট করতে হবে। **উল্লেখ্য Online এ আবেদন শুরুর তারিখ ১৮ অক্টোবর ২০১৯ এবং আবেদনের শেষ তারিখ ১০ নভেম্বর ২০১৯।**

৪। **প্রাথমিক নির্বাচনী পরীক্ষার দিন নিম্নবর্ণিত দলিল সঙ্গে আনতে হবে**

- ক। আবেদনপত্রের (অনলাইনে পূরণকৃত) কপি।
- খ। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৮ (আট) কপি এবং স্ট্যাম্প সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি।
- গ। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং মার্কশিট এর ফটোকপি।
- ঘ। জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড (নিজ, পিতা এবং মাতা) এর সত্যায়িত ফটোকপি।
- ঙ। প্রবেশপত্র (প্রাথমিক নির্বাচনী পরীক্ষা)।

৫। **প্রশিক্ষণ।** ১২ সপ্তাহের মৌলিক সামরিক প্রশিক্ষণ এবং ১৯ সপ্তাহের বেসিক কোর্স সম্পন্ন করতে হবে।

৬। প্রার্থীগণ তাদের আবেদনপত্র (অনলাইনে পূরণকৃত) এবং অন্যান্য [illegible] প্রাথমিক নির্বাচনী পর্ষদের নিকট হস্তান্তর করবেন। প্রাথমিক নির্বাচনী পরীক্ষার ফলাফল একই দিনে প্রার্থীদেরকে জানিয়ে দেয়া হবে।

৭। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নির্বাচনী পর্ষদের নিকট হতে [illegible] **"লিখিত পরীক্ষার প্রবেশপত্র"** সংগ্রহ করবেন। উক্ত প্রবেশপত্র ব্যতিরেকে কেহ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৮। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আগামী **০৬ ডিসেম্বর ২০১৯ (শুক্রবার) সকাল ০৯০০** ঘটিকায় বাংলা, ইংরেজী, গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষার জন্য **"শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে"** উপস্থিত হতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রার্থীগণকে প্রয়োজনীয় কলম, পেন্সিল, ক্যালকুলেটর, জ্যামিতি বক্স ইত্যাদি সাথে আনতে হবে। প্রার্থীগণকে পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে (সকাল ০৮৩০ ঘটিকা) অবশ্যই পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। লিখিত পরীক্ষার কেন্দ্রে কোন প্রকার মোবাইল ফোন নিয়ে আসা যাবে না।

৯। প্রার্থীদেরকে প্রাথমিক নির্বাচনী পরীক্ষার (প্রাথমিক মেডিক্যাল এবং মৌখিক পরীক্ষা) জন্য অনলাইনে পূরণকৃত আবেদনপত্রসহ এলাকা ভিত্তিক স্ব স্ব জেলার পাশে বর্ণিত নির্বাচনী পর্ষদ/এরিয়া সদর দপ্তর সমূহ (সেনানিবাস) এর সামনে উল্লেখিত তারিখে সকাল ০৮০০ ঘটিকার মধ্যে উপস্থিত হতে হবে।

ক্রমিক	উপস্থিত হওয়ার স্থান	তারিখ	জেলার নাম
১।	এরিয়া সদর দপ্তর বগুড়া, বগুড়া সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ
		১৯-২০ নভেম্বর ২০১৯	পাবনা, নাটোর, নওগাঁ
		২১ নভেম্বর ২০১৯	চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী
২।	এরিয়া সদর দপ্তর ঘাটাইল, শহীদ সালাহউদ্দিন সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	জামালপুর, শেরপুর
		১৯-২০ নভেম্বর ২০১৯	ময়মনসিংহ, কিশোরগঞ্জ
		২১ নভেম্বর ২০১৯	নেত্রকোনা, টাঙ্গাইল
৩।	এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি
		১৯-২০ নভেম্বর ২০১৯	বান্দরবান, কক্সবাজার
৪।	এরিয়া সদর দপ্তর কুমিল্লা, কুমিল্লা সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ
		১৯-২০ নভেম্বর ২০১৯	কুমিল্লা, চাঁদপুর, বি-বাড়িয়া
		২১ নভেম্বর ২০১৯	লক্ষীপুর, নোয়াখালী, ফেনী
৫।	এরিয়া সদর দপ্তর যশোর, যশোর সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর
		১৯-২০ নভেম্বর ২০১৯	সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল
		২১ নভেম্বর ২০১৯	ঝালকাঠি, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, ফরিদপুর, পিরোজপুর
৬।	এরিয়া সদর দপ্তর রংপুর, রংপুর সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী
		১৯-২০ নভেম্বর ২০১৯	দিনাজপুর, রংপুর
		২১ নভেম্বর ২০১৯	লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা
৭।	সদর দপ্তর লজিস্টিকস এরিয়া, ঢাকা সেনানিবাস	১৭-১৮ নভেম্বর ২০১৯	ঢাকা, মানিকগঞ্জ
		১৯-২০ নভেম্বর ২০১৯	নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, রাজবাড়ি
		২১ নভেম্বর ২০১৯	গাজীপুর, নরসিংদী

১০। লিখিত পরীক্ষার ফলাফল আগামী **২৩ ডিসেম্বর ২০১৯** তারিখে বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েবসাইট (**www.army.mil.bd**) এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের সময় এ ব্যাপারে বিস্তারিত জানিয়ে দেয়া হবে।

১১। পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হবার জন্য প্রার্থীদের কোন প্রকার যাতায়াত ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১২। বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি সেনাবাহিনীর প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত হবে।

সেনাবাহিনীর চাকুরীর সুবিধাসমূহ।

নির্ধারিত স্কেলে বেতন, ভাতা এবং পেনশনসহ বিনামূল্যে আহার ও বাসস্থান, বিনামূল্যে সরকারি পোশাক-পরিচ্ছদ, পরিবারবর্গের জন্য বিনামূল্যে চিকিৎসা, পরিবারবর্গের জন্য ঝুঁকি মূল্যে রেশন গ্রহণ, সেনাবাহিনীর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে সন্তানদের লেখাপড়ার সুযোগ।

অনলাইনের মাধ্যমে আবেদন শুরুর তারিখ ১৮ অক্টোবর ২০১৯ এবং শেষ তারিখ ১০ নভেম্বর ২০১৯

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

প্রতারণা অথবা আর্থিক লেনদেনের মাধ্যমে সেনাবাহিনীতে ভর্তি হলে চাকুরীর যে কোন পর্যায়ে চাকুরী হতে বহিষ্কার করা হবে